গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

**জননিরাপত্তা বিভাগের আওতাধীণ অধিদপ্তর/সংস্থাসমূহের অক্টোবর/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আখতার হোসেন<br>সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ২৭ অক্টোবর, ২০২২ |
| সভার সময় | সকাল ১১:০০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক" |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় জননিরাপত্তা বিভাগের সকল অতিরিক্ত সচিব এবং অধিদপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভাপতি অধিদপ্তর/সংস্থার প্রতিনিধিদের সাথে মত বিনিময় করেন। তিনি জঙ্গিবাদী ও ধ্বংসাত্মক কার্যক্রম পরিচালনাকারী এবং নাশকতা সৃষ্টিকারীদের বিরুদ্ধে আইন-শৃঙ্খলা বাহিনীর যৌথ অভিযান অব্যাহত রাখতে সভায় উল্লেখ করেন। অতঃপর সভায় গত সেপ্টেম্বর ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এবং এর সিদ্ধান্ত নিয়ে আলোচনা করা হয়। কার্যবিবরণী'র কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়। তিনি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান এবং সে অনুসারে কার্যপত্রে উল্লিখিত আলোচ্যসূচি এবং সেপ্টেম্বর ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি সভায় ক্রমান্বয়ে উপস্থাপন করা হয়।

০২। সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি, জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি, বিভিন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন।

০৩। পুলিশ অধিদপ্তরের প্রতিনিধি বলেন, বঙ্গবন্ধু সমাধী স্থলের নিরাপত্তা বিধান, বঙ্গবন্ধুর সমাধীস্থলে আগত অতিথি/দর্শনার্থীদের ভীড় সামলানো ও আইন-শৃংখলা রক্ষার দায়িত্বে নিয়োজিত পুলিশ সদস্য সংখ্যা বাড়ানো প্রয়োজন। জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক কর্মকান্ডের অংশ হিসেবে নারী-পুরুষ নির্বিশেষে সর্বস্তরের জনসাধারনের অংশগ্রহণ নিশ্চিত করতে সারাদেশে সাধারন জনগণ, জনপ্রতিনিধি, মসজিদের ইমাম, গ্রাম পুলিশ, গণ্যমান্য ব্যক্তি, স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকগণের মাধ্যমে সন্ত্রাসী কর্মকান্ড রোধকল্পে উদ্বুদ্ধকরণ সভার কার্যক্রম, প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে।

০৪। বিষয়ে অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি) জানান, সন্ত্রাস, নাশকতা ও জঙ্গি তৎপরতা সম্পর্কে বিশেষ কোন মতামত/সুপারিশ থাকলে তা এ বিভাগকে অবহিত করা দরকার। তিনি গোপালগঞ্জের টুঙ্গিপাড়াস্থ বঙ্গবন্ধুর সমাধীস্থলে নিরাপত্তা নিশ্চিত করতে কি কি করণীয় সে বিষয়ে একটি মতামত সভায় উপস্থাপনের জন্য পুলিশ অধিদপ্তরের দৃষ্টি আকর্ষণ করেন।

০৫। সভায় অতিরিক্ত সচিব (উন্নয়ন) উল্লেখ করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ এর মধ্যে উন্নয়নমূলক প্রকল্প যেন যথাসময়ে সম্পন্ন হয় সে বিষয়ে গুরুত্ব দিতে হবে। তাছাড়া PIC এবং PSC নিয়মিত সভা অনুষ্ঠান করাসহ প্রকল্পগুলো পরিদর্শন করা দরকার।

০৬। কোস্টগার্ড এর প্রতিনিধি জানান, উপকূলীয় অঞ্চলে মানব পাচার ও মাদকের অনুপ্রবেশরোধসহ বাংলাদেশ কোষ্ট গার্ড সদা তৎপর। এর সকল জোন, বেইস, জাহাজ, বোট, ষ্টেশন ও আউটপোষ্ট এর মাধ্যমে উপকূলীয় অঞ্চলে সার্বক্ষণিকভাবে নজরদারী, মনিটরিং, টহল ও আভিযানিক কার্যক্রম জোরদার করা হয়েছে। বাংলাদেশ মায়ানমার সীমান্তে উদ্ভুত পরিস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

০৭। সভায় বর্ডার গার্ড বাংলাদেশ জানান, বিজিবি বাংলাদেশের সীমান্তে নিয়োজিত সীমান্ত রক্ষী বাহিনী। সীমান্ত এলাকা দিয়ে যাতে মানুষ, চোরাচালান ও মাদক পাচার হতে না পারে সে লক্ষ্যে বিজিবি'র সার্বক্ষণিক টহল কার্যক্রম পরিচালনা, ব্যাপক তল্লাশী এবং কঠোর নজরদারী অব্যাহত রয়েছে।

০৮। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী বাংলাদেশের আইন শৃংখলা বাহিনীর সহায়ক শক্তি হিসেবে সর্বদা কাজ করে চলেছে। এ বাহিনীর সার্বিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে এ বাহিনীর প্রতিনিধি সভাকে অবগত করেন।

০৯। সভায় অংশগ্রহণকারী অন্যান্য দপ্তর/ সংস্থাসমূহের প্রতিনিধিগণ নিজ নিজ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিস্তারিত আলোচনা করেন। সভায় জননিরাপত্তা বিভাগের নির্দেশনায় সকল দপ্তর/ সংস্থা দেশের মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে সচেষ্ট রয়েছে এবং আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে ব্যবস্থা গ্রহণ করছে মর্মে উল্লেখ করা হয়।

১০। সভায় জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থার NIS, GRS, Citizen's Charter ইত্যাদি'র সূচকসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

সিদ্ধান্তসমূহঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১০.১ | টুঙ্গিপাড়াস্থ বঙ্গবন্ধুর সমাধীস্থলে আইন-শৃংখলা বজায় রাখা, নিরাপত্তা নিশ্চিত করতে সেখানে পুলিশ সদস্য স্থায়ীভাবে মোতায়েনের বিষয়ে একটি মতামত আগামী সভায় উপস্থাপন করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ |
| ১০.২ | ক) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ এর মধ্যে উন্নয়নমূলক প্রকল্প যেন যথাসময়ে সম্পন্ন হয় সে বিষয়ে গুরুত্ব দিতে হবে। তাছাড়া PIC এবং PSC নিয়মিত সভা অনুষ্ঠান করতে হবে।<br>খ) চলমান সকল উন্নয়ন প্রকল্পসমূহ এ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের মাধ্যমে নিয়মিত পরিদর্শন করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা, উন্নয়ন অনুবিভাগ, |
| ১০.৩ | সীমান্ত এবং উপকূলীয় এলাকা দিয়ে যাতে শিশু ও মানব, চোরাচালান ও মাদক পাচার হতে না পারে সে জন্য সার্বক্ষণিক টহল কার্যক্রম পরিচালনা, ব্যাপক তল্লাশীসহ কঠোর নজরদারী অব্যাহত রাখতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১০.৪ | সন্ত্রাস, নাশকতা ও জঙ্গি তৎপরতা প্রতিরোধ করতে হবে। সন্ত্রাসী কর্মকান্ডের বিষয়ে সংঘটিত হাইকোর্ট বিভাগের নির্দেশের ভিত্তিতে করা মামলাসমূহের তদারকি কার্যক্রম বৃদ্ধি করতে হবে। যে সকল মামলা তদন্তনাধীন বা আদালতের আদেশে স্থগিত আছে সে সকল মামলা দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিলসহ নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে। | পুলিশ অধিদপ্তর, পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ, আইন ও শৃঙ্খলা অনুবিভাগ |
| ১০.৫ | NIS, GRS, Citizen's Charter ইত্যাদি'র সূচকসমূহ যথাসময়ে পূরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান |
| ১০.৬ | ক) দপ্তর/সংস্থাসমূহের অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করে এ বিভাগে রিপোর্ট দাখিল করতে হবে।<br>খ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মেনে সকল দপ্তর /সংস্থার website হালনাগাদ করতে হবে এবং প্রয়োজনীয় তথ্য আপডেট করতে হবে। | সকল দপ্তর /সংস্থা প্রধান |

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ আখতার হোসেন
সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.২২৮

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯
৩০ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।
২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪) উপসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, জননিরাপত্তা বিভাগ ( মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৬) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ ( সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
৮) সিনিয়র সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৯) সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, জননিরাপত্তা বিভাগ



আশাফুর রহমান
উপসচিব